গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৩৫/২০১৮-২০১৯
ঢাকা, মঙ্গলবার ৮ জানুয়ারি ২০১৯, ২৫ পৌষ ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। চতুর্থবারের মতো শপথ নিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা
মন্ত্রিসভার সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠিত
২। আজ সাভার জাতীয় স্মৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন
প্রধানমন্ত্রী টুঙ্গিপাড়া যাচ্ছেন আগামীকাল
৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চীন ও নেপালি প্রধানমন্ত্রীর অভিনন্দন
৪। প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী, ও উপমন্ত্রীদের দফতর বন্টনে প্রজ্ঞাপন জারি
৫। মন্ত্রিসভায় বঞ্চিত এলাকাকে অগ্রাধিকার : সেতুমন্ত্রী
৬। প্রধানমন্ত্রীর নেতৃত্বে উন্নয়ন অব্যাহত থাকবে : বিদায়ি বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ
৭। প্রতিশ্রুতি বাস্তবায়নই আমাদের লক্ষ্য : তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ
৮। অনিয়ম দুর্নীতি মোকাবিলা করাই চ্যালেঞ্জ
শপথ নেওয়ার পর কয়েকজন মন্ত্রীর অভিমত
৯। ঋণখেলাপিদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিতে হবে : অর্থমন্ত্রী
১০। ওয়ার্ল্ড ইকোনমিক লিগ সূচক : ২০১৯ সালে বিশ্বের ৪১তম অর্থনীতির দেশ বাংলাদেশ
১১। রোহিঙ্গাদের জন্য ৪২ কোটি টাকা দেবে জাপান

চলমান পাতা-২

**১। চতুর্থবারের মতো শপথ নিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**
**মন্ত্রিসভার সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠিত**

বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে পুনরায় শপথ নিয়েছেন আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা। এর আগে টানা দু'বার এবং ১৯৯৬ সালে আরো একবার তিনি প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। এ নিয়ে চতুর্থবারের মতো তিনি প্রধানমন্ত্রী হলেন। একই সময়ে ২৪ জন মন্ত্রী, ১৯ জন প্রতিমন্ত্রী ও ৩ জন উপমন্ত্রী পৃথকভাবে শপথ গ্রহণ করেন। গতকাল (৭ জানুয়ারি সোমবার) বঙ্গভবনের দরবার হলে অনাড়ম্বর অনুষ্ঠানে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ শপথ বাক্য পাঠ করান। শপথ অনুষ্ঠান পরিচালনা করেন মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম। প্রধানমন্ত্রী শপথ নেওয়ার পর রাষ্ট্রপতি তাঁকে অভিনন্দন জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা শপথ নেওয়ার পর ছোট বোন শেখ রেহানা তাঁকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**২। আজ সাভার জাতীয় স্মৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন**
**প্রধানমন্ত্রী টুঙ্গিপাড়া যাচ্ছেন আগামীকাল**

চতুর্থবারের মতো প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণের পর আজ (৮ জানুয়ারি মঙ্গলবার) সাভার জাতীয় স্মৃতিসৌধে যাচ্ছেন শেখ হাসিনা। মন্ত্রিপরিষদের সদস্যদের নিয়ে সকাল ১১টায় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করবেন তিনি। এর আগে সকাল ১০টায় ধানমণ্ডির বঙ্গবন্ধু ভবন প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এছাড়া আগামীকাল (৯ জানুয়ারি বুধবার) জাতির পিতার সমাধিতে শ্রদ্ধা জানাতে গোপালগঞ্জের টুঙ্গিপাড়া যাবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একইদিন মন্ত্রিপরিষদের অন্য সদস্যরাও বঙ্গবন্ধুর সমাধিতে শ্রদ্ধা জানাতে যাবেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৮)।

**৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চীন ও নেপালি প্রধানমন্ত্রীর অভিনন্দন**

তৃতীয় মেয়াদের জন্য প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন চীনের প্রধানমন্ত্রী লী কেকিয়াং ও নেপালের প্রধানমন্ত্রী খাড়গা প্রসাদ শর্মা ওলি। প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়ে বার্তা পাঠিয়েছেন চীন ও নেপালের প্রধানমন্ত্রী। বার্তায় চীনের প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন, আগামী দিনগুলোতে দু'দেশের মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্ক ও সহযোগিতা আরও জোরদার হবে। লী কেকিয়াং ও খাড়গা প্রসাদ শর্মা ওলি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাফল্য এবং বাংলাদেশের অব্যাহত শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৮), **নিউ এজ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৪। প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী, ও উপমন্ত্রীদের দফতর বন্টনে প্রজ্ঞাপন জারি**

প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী, ও উপমন্ত্রীদের দফতর বন্টন বিষয়ে প্রজ্ঞাপন জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। গতকাল (৭ জানুয়ারি সোমবার) এ প্রজ্ঞাপন জারি করা হয়। এতে বলা হয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রুলস অভ্ বিজনেস-১৯৯৬ এর রুল ৩ (৪) অনুযায়ী প্রধানমন্ত্রী শেখ হাসিনা মন্ত্রিসভার সদস্যদের মাঝে দফতর বন্টন করেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪)।

**৫। মন্ত্রিসভায় বঞ্চিত এলাকাকে অগ্রাধিকার : সেতুমন্ত্রী**

যেসব এলাকায় দীর্ঘদিন মন্ত্রী ছিল না নতুন মন্ত্রিসভা গঠনে সে সব জেলার এমপিদের অগ্রাধিকার দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবার বঞ্চিত এলাকাগুলোকে বিশেষভাবে গুরুত্ব দিয়েছেন বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। নতুন মন্ত্রিসভার শপথের আগে ও পুরনো মন্ত্রিদের শেষ কর্মদিবসে গতকাল (৭ জানুয়ারি সোমবার) সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভায় এ কথা বলেন তিনি। তিনি বলেন, দলের প্রয়োজনেই মন্ত্রিসভা থেকে পুরনো অনেক বড় নেতাকে সরিয়ে দেওয়া হয়েছে। বড় মন্ত্রিদের বাদ পড়ার বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, দুর্নীতি বা ব্যর্থতার

কারণে মন্ত্রীরা বাদ পড়েছেন, এটা ঠিক নয়। বিষয়টি দায়িত্বের পরিবর্তন হিসেবে দেখা যায়। তারা এখন দলে মনোনিবেশ করবেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

**৬। প্রধানমন্ত্রীর নেতৃত্বে উন্নয়ন অব্যাহত থাকবে : বিদায়ি বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ**

নতুন মন্ত্রিসভা ভাল হয়েছে বলে মন্তব্য করেছেন বিদায়ি বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল। গত দশবছর দেশের যে উন্নয়ন হয়েছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার অধীনে আগামীতেও তা অব্যাহত থাকবে। তিনি বলেন, জাতীয় পার্টি বিরোধীদলে রয়েছে। শরিক অন্যদলগুলো মন্ত্রিসভায় নেই। এর ফলে সংসদে একটি শক্তিশালী বিরোধীদলও ভূমিকা রাখতে সক্ষম হবে। গতকাল (৭ জানুয়ারি সোমবার) সচিবালয়ে নিজ কার্যালয়ের শেষ কর্মদিবসের বিদায়ি অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **সমকাল** (পৃ.৩,ক.৮)।

**৭। প্রতিশ্রুতি বাস্তবায়নই আমাদের লক্ষ্য : তথ্য মন্ত্রী ড. হাছান মাহমুদ**

নতুন মন্ত্রিসভার তথ্য মন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, দীর্ঘ ছয় বছর প্রচার সম্পাদক হিসেবে দলের দায়িত্ব পালন করেছি। এখন প্রধানমন্ত্রী আমাকে রাষ্ট্রের তথ্য মন্ত্রণালয়ের দায়িত্ব পালনের সুযোগ দিয়েছেন। তা আমি যথাযথভাবে পালন করবো। তিনি বলেছেন, দেশের মানুষ আমাদের আবারও ক্ষমতায় এনেছেন। মানুষকে আমরা নির্বাচনি ইশতেহারে প্রতিশ্রুতি দিয়েছি। এখন সে প্রতিশ্রুতি বাস্তবায়নই আমাদের লক্ষ্য। গতকাল (৭ জানুয়ারি সোমবার) শপথ গ্রহণের পর বঙ্গভবনের সামনে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র-**যায়যায়দিন** (পৃ.১৫,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৮। অনিয়ম দুর্নীতি মোকাবিলা করাই চ্যালেঞ্জ**
**শপথ নেওয়ার পর কয়েকজন মন্ত্রীর অভিমত**

বঙ্গভবনে মন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পর গতকাল (৭ জানুয়ারি সোমবার) নিজেদের চ্যালেঞ্জ নিয়ে কথা বলেছেন কয়েকজন মন্ত্রী। এ সময় তাঁরা বলেন, মন্ত্রিত্ব উপভোগের কিছু নয়, এটি চ্যালেঞ্জের বিষয়। আওয়ামী লীগ ইশতেহারের মাধ্যমে যেসব পরিকল্পনা জনগণের সামনে উপস্থাপন করেছে, সেগুলো বাস্তবায়ন করাই এখন মূল কাজ।
শপথ গ্রহণের পর আইন, বিচার ও সংসদ বিষয়কমন্ত্রী আনিসুল হক বলেছেন, অসমাপ্ত কাজ শেষ করাই আমার বড় চ্যালেঞ্জ। বাণিজ্যমন্ত্রী টিপু মুনশী কর্মসংস্থান সৃষ্টির জন্য বিনিয়োগ বৃদ্ধির পদক্ষেপ নেওয়ার কথা জানিয়েছেন। সংসদ সদস্য হিসেবে নির্বাচিত হওয়ার পর গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী শ. ম. রেজাউল করিম বলেন, আওয়ামী লীগের ইশতেহার অনুযায়ী নগরের সুবিধা গ্রামে পৌঁছে দেওয়ার যে ঘোষণা দেওয়া হয়েছে, সেটা বাস্তবায়ন করাই হবে আমার দ্বিতীয় চ্যালেঞ্জ। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী মো. শাহাব উদ্দিন বলেন, নতুন দায়িত্বে অবশ্যই অনেক চ্যালেঞ্জ আছে। বিশ্বাসের সঙ্গে যথাযথ মর্যাদা দিয়ে দায়িত্ব পালনের চেষ্টা করবো। রেলমন্ত্রী নূরুল ইসলাম সুজন বলেন, সরকারের চলমান প্রকল্পগুলো বাস্তবায়ন করতে চাই। এসব প্রকল্প চালাতে গিয়ে সংশ্লিষ্ট আরো কোনো পদক্ষেপ নিতে হলে তা নেওয়া হবে। রেল যোগাযোগ ব্যবস্থাকে যুগোপযোগী করা এবং এ সেবাকে সাধারণ মানুষের হাতের নাগালে নিয়ে আসা হবে আমার অন্যতম প্রধান কাজ। ধর্মমন্ত্রী শেখ মোহাম্মদ আবদুল্লাহ বলেন, হজ ব্যবস্থাপনা সংস্কার করে আধুনিকতা আনার চেষ্টা করবো। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.২)।

**৯। ঋণখেলাপিদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিতে হবে : অর্থমন্ত্রী**

ঋণখেলাপিদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিতে হবে। খেলাপি ঋণ আদায়ের সময় আত্মীয়স্বজন চেনা যাবে না। পাশাপাশি ভালো ঋণগ্রহীতাদের প্রণোদনা দিতে হবে। বর্তমানে ব্যাংক ঋণের সুদহার ও স্প্রেড বেশি, এটা কমাতে হবে। বঙ্গভবনে শপথ নিয়ে নতুন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল অর্থ মন্ত্রণালয় ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সঙ্গে বৈঠকে বসে এসব কথা বলেন। রাজস্ব আদায় প্রসঙ্গে তিনি বলেন, কম কর ধার্য করে বেশি পরিমাণে আদায় করতে হবে। রাজস্ব আদায় জিডিপি'র তুলনায় ১৬-১৭ শতাংশ হওয়া উচিত। বর্তমানে আদায় হচ্ছে ৮-৯ শতাংশ। এজন্য সবাইকে কর প্রদানে উদ্বুদ্ধ করতে হবে। সেজন্য কার্যকর রেট নির্ধারণ করতে হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

**১০। ওয়ার্ল্ড ইকোনমিক লিগ সূচক : ২০১৯ সালে বিশ্বের ৪১তম অর্থনীতির দেশ বাংলাদেশ**

২০১৯ সালে বৃহৎ অর্থনীতির দেশের তালিকায় বাংলাদেশের অবস্থান ৪১তম। গত ডিসেম্বরে যুক্তরাজ্যভিত্তিক অর্থনৈতিক পরামর্শকেন্দ্র সেন্টার ফর ইকোনমিকস এন্ড বিজনেস রিসার্চ (সিইবিআর) এর ওয়ার্ল্ড ইকোনমিক লিগ টেবিল (ডব্লিউইএলটি) এর প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। এর আগে ২০১৮ সালে সিইবিআরের প্রতিবেদন অনুযায়ী, বাংলাদেশের অবস্থান ছিল ৪৩তম। অর্থাৎ গতবছরের তুলনায় বাংলাদেশের অবস্থান দুইধাপ উপরে উঠে এসেছে।

প্রকাশিত ঐ প্রতিবেদনে আভাস দেওয়া হয়েছে, সামনের বছরগুলোতে বাংলাদেশ উল্লেখযোগ্য প্রবৃদ্ধি অর্জন করবে। ওয়ার্ল্ড ইকোনমিক লীগ টেবিল অনুযায়ী, আগামী ১৫ বছরে উল্লেখযোগ্য মাত্রায় বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি হবে। ২০২৩ সাল নাগাদ শীর্ষ অর্থনীতির দেশগুলোর তালিকায় বাংলাদেশের অবস্থান ৩৬তম হবে। আর ২০২৮ সাল নাগাদ ২৭তম অবস্থানে চলে আসবে বাংলাদেশ। ২০৩৩ সাল নাগাদ এ অবস্থান হবে ২৪তম। সিইবিআর-এর প্রতিবেদনে বলা হয়েছে, ২০১৮ সালের তুলনায় ২০৩৩ সালে ১৯ ধাপ অগ্রগতি হয়ে ২৪তম বৃহত্তর অর্থনীতির দেশে পরিণত হবে বাংলাদেশ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **যুগান্তর** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** ( পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৩)।

**১১। রোহিঙ্গাদের জন্য ৪২ কোটি টাকা দেবে জাপান**

মিয়ানমারে জাতিগত নিধনের মুখে প্রাণে বাঁচতে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের সহায়তার জন্য ৪২ কোটি টাকা দেবে জাপান। এ নিয়ে গতকাল (৭ জানুয়ারি সোমবার) জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) ও জাপানের মধ্যে একটি চুক্তি হয়েছে। বাংলাদেশে ডব্লিউএফপি'র প্রতিনিধি ও কান্ট্রি ডিরেক্টর রিচার্ড রাগান বলেছেন, জাপানের জনগণের দেওয়া এ অর্থ কক্সবাজারে চলমান রোহিঙ্গা সংকট মোকাবিলায় সাহায্য করবে। পটুয়াখালী ও কক্সবাজার জেলার প্রায় দুই হাজার কৃষককে সহযোগিতা করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৫)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** কাঠামোগত রূপান্তর এবং আঞ্চলিক সুষম উন্নয়নের জন্য বাংলাদেশকে অর্থনৈতিক করিডোর উন্নয়নের মতো উন্নয়ন কৌশল গ্রহণ করতে হবে এশীয় উন্নয়ন ব্যাংকের এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে অর্থনৈতিক করিডোর বাস্তবায়নে গুরুত্ব দেওয়ার সুপারিশ।

**খ.** **সমকাল :** বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ কর্তৃক বেসরকারি স্কুল-কলেজ-মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় ৪০ হাজার শূন্য পদে নিয়োগের জন্য নেওয়া আবেদনপত্রে আবেদন জমা পড়েছে ৩০ লাখ যা কর্মসংস্থানের স্বল্পতা নির্দেশ করে উল্লেখ করে শিক্ষিত তরুণদের জন্য পর্যাপ্ত কর্মসংস্থান তৈরির ওপর গুরুত্বারোপ।

**গ.** **ইনকিলাব, যায়যায়দিন, বণিকবার্তা, ভোরের কাগজ, যুগান্তর, সংবাদ, জনকণ্ঠ, ডেইলি সান, এশিয়ান এজ, ইন্ডিপেনডেন্ট, অবজারভার:** নতুন মন্ত্রিসভা শপথ নেওয়ায় স্বাগত জানিয়ে তারা দেশের উন্নয়নে একযোগে কাজ করে যাবেন বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঘ.** **যায়যায়দিন, ইত্তেফাক:** সম্প্রতি ইলিশের জীবন রহস্য উদ্‌ঘাটনের আন্তর্জাতিক স্বীকৃতি পেয়েছে বাংলাদেশ উল্লেখ করে সাফল্য অর্জনের ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঙ.** **যুগান্তর:** সপ্তাহের ব্যবধানে সবধরনের চালের দাম কেজিতে ৪ থেকে ৬ টাকা বেড়েছে উল্লেখ করে চালসহ নিত্যপণ্যের মূল্য সহনীয় রাখতে নজর দেওয়ার সুপারিশ।

**চ.** **সংবাদ:** ডাকসু নির্বাচন অনুষ্ঠানে হাইকোর্টের রায়ের ওপর দেয়া স্থগিতাদেশ আপিল বিভাগ তুলে নেওয়ায় আগামী মার্চ মাসের মধ্যে এ নির্বাচন অনুষ্ঠানে কোনো বাধা নেই উল্লেখ করে নির্বাচন সব দলের অংশগ্রহনে অনুষ্ঠিত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঙ.** **নিউজ টুডে:** বিভিন্ন রোগের জন্য ডাক্তাররা প্রেসক্রিপশনে যে ওষুধগুলোর নাম লিখে তা অনেকসময় বোধগম্য হয়না উল্লেখ করে স্পষ্ট অক্ষরে ব্যবস্থাপত্র লিখতে ডাক্তারদের প্রতি আহ্বান।

**চ.** **ইন্ডিপেনডেন্ট:** গতবছর টাঙ্গাইলে ৭৫৭ হেক্টর জমিতে ১৬.৬৯০ মেট্রিকটন বিভিন্ন ধরনের কচু উৎপাদিত হয়েছে উল্লেখ করে দেশের অন্যান্য অঞ্চলেও পুষ্টিকর কচু উৎপাদনের ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন :** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রপ্তানি বাড়াতে বিভিন্ন পণ্যের নুতন বাজার অনুসন্ধান করার পাশাপাশি পণ্যের বৈচিত্র্যকরণ ও নতুন পণ্য উৎপাদন করতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** : পত্রিকায় প্রকাশিত **'শিক্ষায় শিশুর সর্বাঙ্গীন বিকাশ নিশ্চিত করতে হবে'** প্রকৃত শিক্ষা শিক্ষার্থীদের অহিংসা থেকে মুক্ত করে সুস্থ মানসিকতার অধিকারী করবে, তাকে সমাজের সুনাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করবে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৮/৯.০০ঘন্টা